যুগান্তর

তারিখ ... 03 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ইউজিসির জঙ্গিবাদ অনুসন্ধান কমিটি

# রোহানের তথ্যের খোঁজে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে পরিদর্শন

যুগান্তর রিপোর্ট

গুলশানের হলি আর্টিজানে নিহত জঙ্গি রোহান ইমতিয়াজের একাডেমিক তথ্যের খোঁজে নেমেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) জঙ্গিবাদ অনুসন্ধান কমিটি। মঙ্গলবার কমিটির সদস্যরা ব্র্যাক ইউনিভার্সিটিতে আকস্মিক পরিদর্শনে যান। ও সময় তারা ছাত্র-শিক্ষকদের আরও কেউ সন্দেহভাজন আছে কিনা সে তথ্যানুসন্ধান করেন বলে জানা গেছে। ২৭ জুলাই ইউজিসি এ কমিটি গঠন করে। তারপর কমিটির এটাই কোনো বিশ্ববিদ্যালয়ে প্রথম পরিদর্শন। কমিটির এক সদস্য জানান, বিশ্ববিদ্যালয়গুলো ছাত্রছাত্রীদের ব্যাপারে সচেতন থাকলে যে জঙ্গিবাদ থেকে তাদের রক্ষা করা সম্ভব তা রোহান ইমতিয়াজের একাডেমিক রেকর্ড দেখেই বোঝা গেছে। ওই সদস্য বলেন, ভর্তির পর রোহান প্রথম সেমিস্টারে জিপিএ-৪ এর মধ্যে ৩ দশমিক ৩ পেয়েছিল। পরের সেমিস্টারে তা কমে দাঁড়ায় ৩ দশমিক ২। আর তৃতীয় সেমিস্টারে ফলে ব্যাপক ধস নামে। ওই সেমিস্টারে সে পেয়েছিল ২ দশমিক ২। একটি বিখ্যাত ইংরেজি মাধ্যমের স্কুল থেকে পাস করা এমন একজন ছাত্রের এ ফল কিছুতেই কাম্য নয়। রোহানের একাডেমিক রেজাল্টে প্রতীয়মান হয়, ভর্তির কিছুদিনের মধ্যেই সে জঙ্গিদের টার্গেটে পড়েছিল।

ব্র্যাক ইউনিভার্সিটির জনসংযোগ বিভাগের প্রধান সোহেল ইকবাল জানান, ইউজিসির একটি প্রতিনিধি দল আকস্মিক পরিদর্শনে এসেছিল। তারা বিভিন্ন তথ্য চেয়েছে।

ব্র্যাক ইউনিভার্সিটি এবং ইউজিসি সূত্র জানিয়েছে, পরিদর্শক দল যেসব তথ্য তলব করেছিল তার মধ্যে অন্যতম ছিল বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে ছাত্রছাত্রী ও শিক্ষক কত। তাদের মধ্যে কতজন শিক্ষক এবং শিক্ষার্থী বিদেশী। বিদেশী শিক্ষার্থীদের বৈধ ভিসা আছে কিনা।

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## রোহানের তথ্যের খোঁজে

(৩য় পৃষ্ঠার পর)

শিক্ষকদের ওয়ার্ক পারমিট ও বাংলাদেশে অবস্থানের অনুমতি আছে কিনা। কোন শিক্ষক কী পড়ান। ছাত্ররা কে কোন বিভাগে পড়ে। জবাবে বিশ্ববিদ্যালয়টি বলেছে, তাদের মাত্র ১৩ জন বিদেশী ছাত্র আছে। এছাড়া আর কোনো তথ্য তাৎক্ষণিকভাবে সরবরাহ করতে পারেনি। তথ্য সরবরাহের ক্ষেত্রে ভিসি এবং রেজিস্ট্রার আলাদা ক্যাম্পাসে বসেন এবং এ কারণে তাৎক্ষণিকভাবে দেয়া সম্ভব নয়— এমন অজুহাত দেখিয়েছে। পাশাপাশি চাহিদার আলোকে পরে তথ্য দেয়ার অঙ্গীকার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

জানা গেছে, এছাড়া বিশ্ববিদ্যালয়ের ড্রপআউট করা শিক্ষার্থীর তালিকা, অনিয়মিত ও ১০ কর্মদিবস অনুপস্থিত শিক্ষার্থীর তালিকা, বোর্ড অব ট্রাস্টিজের সদস্যদের নাম-ঠিকানা ইত্যাদি নানা তথ্য তলব করে। এসব তথ্যও বিশ্ববিদ্যালয় দিতে পারেনি। বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা জানান, পরিদর্শক দলের সদস্যরা লাইব্রেরিতে গিয়ে বই খুঁজে দেখেছেন। এছাড়া বিভিন্ন ল্যাবরেটরি, ক্লাসরুমে যান। বিশ্ববিদ্যালয় এবং ছাত্র-শিক্ষকদের নিরাপত্তার দিকও নিরীক্ষা করেন।

সরকারি এবং বেসরকারি উভয় ধরনের জঙ্গিবাদী কার্যক্রম ও তথ্য অনুসন্ধানে গঠিত এ কমিটির সদস্যদের আরও আছেন উপ-সচিব জেসমিন পারভীন ও শাহীন সিরাজ। আর সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা হিসেবে মোস্তাফিজার রহমানও পরিদর্শক দলে ছিলেন। তবে পরিদর্শনের বিষয়ে জানতে যোগাযোগ করলে সদস্যদের কেউই আনুষ্ঠানিক কথা বলতে রাজি হননি।